## এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)
# বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (সৃজনশীল)

**বিষয় কোড : ২৮৬**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ Symphony হ্যান্ডসেট নির্মাণকারী কোম্পানি বছরে ৫০,০০০ একক মোবাইল হ্যান্ডসেট তৈরি করে যার মোট বিক্রয়মূল্য ৫,০০,০০০ টাকা। এই হ্যান্ডসেট তৈরিতে ২,০০,০০০ টাকা মূল্যের উপকরণ ব্যবহার হয়েছে। কর্মীদের ২০,০০০ ঘণ্টার পারিশ্রমিক বাবদ খরচ হয়েছে ১,০০,০০০ টাকা এবং ২,০০০ যন্ত্রঘন্টা হিসেবে ব্যয় হয়েছে ১,০০,০০০ টাকা। এছাড়াও আনুষঙ্গিক ব্যয় ৫০,০০০ টাকা।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. সেবাগত উপযোগ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের সাহায্যে Symphony কোম্পানির শ্রম, যন্ত্র, মালামাল এর উৎপাদানশীলতা নির্ণয় করো। ৩

ঘ. তুমি কি মনে কর উৎপাদনশীলতা বৃদ্ধি Symphony কোম্পানি এর উন্নয়নের সহায়ক? যুক্তিসহ লিখ। ৪

২.▶ জনাব আব্দুল একজন কৃষক। তিনি তার জমিতে গম উৎপাদন করেন প্রতি বছর। তিনি সম্পূর্ণ গম বিক্রি বা ভোগ না করে কিছু গম মজুদ করে রাখেন। যা দিয়ে তিনি পরবর্তী বছরে পুনরায় গম উৎপাদন করেন বা গমের বীজ উৎপাদন করেন।

ক. একমালিকানা সংগঠন কী? ১

খ. 'সঞ্চয় সামর্থ্যের ওপর মূলধন গঠন নির্ভর করে'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের গমের বীজ কী হিসেবে কাজ করছে? বর্ণনা করো। ৩

ঘ. 'মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান'— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৩.▶ শেরে বাংলা বিশ্ববিদ্যালয় হতে এসএসসি পাশ করে জনাব শহীদ নিজের গ্রামে একটি পোল্ট্রিফুড কারখানা দিলেন। বর্তমানে এ কারখানাতে প্রায় ৫০ জন লোক কাজ করছে। তার প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যের দাম একটু বেশি হলেও পণ্যের মান নিয়ে কারও কোন অভিযোগ নেই। তাই দূর-দূরান্ত হতে পোল্ট্রিফার্মের মালিকগণ তার নিকট আসেন পোল্ট্রি ফুড কিনতে। এতে অল্প সময়ে তার আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি পায়। তার সফলতা দেখে অনেকেই বর্তমানে এ কাজে এগিয়ে আসছেন।

ক. পরিবর্তনশীল ব্যয় কী? ১

খ. বৃহদায়তন প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব শহীদের প্রতিষ্ঠানটি কী ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মানসম্মত পণ্যই সফলতার চাবিকাঠি'— উদ্দীপকের আলোকে এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

৪. ▶ ২০০৪ সালের ABC নামক দেশটিতে আইলা আঘাত হানে। এতে দেশের প্রায় এক-তৃতীয়াংশ সম্পদ ক্ষতিগ্রস্ত হয়। সরকার ঘোষণা করলো প্রয়োজনীয় দ্রব্য বা সেবা সামগ্রী যে প্রতিষ্ঠানসমূহ বেশি উৎপাদন করতে পারবে তাদের পুরস্কৃত করা হবে। এতে দেখা গেল ২০০৫ সালে ঐ দেশে GNP হলো ৫২৫ কোটি ডলার, অবচয় ছিল ৫০ কোটি ডলার, হস্তান্তর পাওনা ছিল ৩০ কোটি ডলার, পরোক্ষ কর বাবদ ব্যয় হয়েছে ২৫ কোটি ডলার। এছাড়া সরকারি উদ্বৃত্ত মুনাফা ২৫ কোটি ডলার, সরকার প্রদত্ত ভর্তুকির পরিমাণ ছিল ২৬ কোটি ডলার। পূর্বের চেয়ে উৎপাদন বাড়ায় সরকার সারা দেশে প্রায় ১,০০০ জনকে পুরস্কৃত করে।

ক. মাথাপিছু আয় কী? ১

খ. GNP এবং GDP মধ্যে পার্থক্য কী? ২

গ. উদ্দীপকে ABC দেশটির ২০০৫ সালের জাতীয় আয় নির্ণয় করো। ৩

ঘ. কোন ধরনের ব্যবস্থাপনার দক্ষতার ফলে ২০০৫ সালে ABC দেশটির জাতীয় আয় বেড়েছে? মতামত দাও। ৪

৫. ▶ ইমরান মাহমুদ একটি বহুজাতিক কোম্পানিতে যোগদান করে। তাকে পণ্য ডিজাইনের বিভিন্ন স্তর সম্পর্কে ধারণা দিয়ে ভোক্তা জরিপের দায়িত্ব প্রদান করা হলো। ইমরান মাহমুদ তার টিম নিয়ে ভোক্তাদের নিকট সরাসরি হাজির হয়ে বিভিন্ন প্রশ্নের মাধ্যমে ভোক্তার রুচি ও আকাঙ্খা জেনে নিলেন। তিনি ভোক্তা জরিপের রিপোর্ট প্রদান করলে কোম্পানি সে অনুযায়ী পণ্য উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করলো।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. প্যাকেটিং ডিজাইন বলতে কী বোঝায়? ২

গ. ইমরান মাহমুদ পণ্য ডিজাইনের কোন স্তরে কাজ করেন? বর্ণনা করো। ৩

ঘ. ইমরান মাহমুদের ভোক্তা জরিপ পণ্য ডিজাইনকে কী ভূমিকা রাখে বলে তুমি মনে করো? ৪

৬. ▶ ইকবাল সাহেব একজন শিল্পপতি। তিনি একটি নতুন গার্মেন্টস প্রতিষ্ঠার জন্য উপযুক্ত স্থান খুঁজছিলেন। সাভারে লোকজন কম বেতনে চাকরি করবে জেনে তিনি সেখানকার একটি খাস জমিতে কারখানা স্থাপন করেন। কারখানা স্থাপনের পর সরকার ইকবাল সাহেবের বিরুদ্ধে মামলা করেন। মামলা পরিচালনা করতে গিয়ে ইকবাল সাহেবকে অনেক টাকা ব্যয় করতে হলো।

ক. বিএসটিআই এর পূর্ণরূপ কী? ১

খ. বেঞ্চমার্কিং বলতে কী বোঝ? ২

গ. ইকবাল সাহেবের মামলা ব্যয় কোন ধরনের ব্যয়ের অন্তর্গত? উদ্দীপকের আলোকে বর্ণনা করো। ৩

http://teachingbd.com

ঘ. ইকবাল সাহেবের সাভারে শিল্প স্থাপনের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৭.▶ একটি বেসরকারি কোম্পানি অত্যাধুনিক মেশিনপত্র, শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষসহ আগমন ও প্রস্থানের পর্যাপ্ত স্থান ব্যাপক উন্নয়ন সাধন করেছে। ফলে তাদের উৎপাদন ক্ষমতা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। তবে আধুনিক জ্ঞান সম্পন্ন কারিগরের অভাবে আধুনিক মেশিনগুলো হতে কাঙ্ক্ষিত মাত্রার সেবা পাওয়া সম্ভব হচ্ছে না।

ক. উৎপাদন ক্ষমতা কী? ১

খ. উপ-ঠিকাদারী বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত কোম্পানিটির উৎপাদন ক্ষমতা বৃদ্ধির পিছনে কোন উপাদানটি কাজ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'আধুনিক জ্ঞান সম্পন্ন কারিগরের অভাবে উদ্দীপকের উল্লিখিত কোম্পানির প্রকৃত উৎপাদন হ্রাস পেয়েছে।' -এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪

৮.▶ জনাব সুমন ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে একটি ইউরিয়া সার কারখানা গড়ে তোলেন। এখানে গ্যাস সহজলভ্য, তাছাড়া আশুগঞ্জের সাথে নৌ, রেল ও স্থলপথের সংযোগ থাকায় দেশের যে কোন জায়গায় এখানকার উৎপাদিত সার সহজে সরবরাহ করা যায়। এখানে পর্যাপ্ত দক্ষ শ্রমিক পাওয়া যায় এবং এখানে সার কারখানা গড়ে তোলার জন্য সরকার সব ধরনের সহায়তা করে থাকে।

ক. ব্যবসায় অবস্থান কী? ১

খ. শ্রম ঘূর্ণায়মানতা বলতে কী বুঝায়? ২

গ. উল্লিখিত উদ্দীপকের কিসের উপর নির্ভর করে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে সার কারখানা স্থাপনের কথা বলা হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সরকারি সহায়তা ব্যবসায়ের অবস্থান নির্ধারণে সাহায্য করে'— উদ্দীপকে আলোকে তোমার মতামত ব্যক্ত করো। ৪

৯.▶ আছাদ ব্রাদার্স খুলনায় একটি জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠান। এর শ্রমিক কর্মচারী নির্মাণস্থলে অস্থায়ী তাবু তৈরি করে নির্মাণ কাজ করে। দেশে-বিদেশের ক্রেতারা আছাদ ব্রাদার্স এর উৎপাদিত জাহাজের প্রশংসা করে। প্রতিষ্ঠানটি আগামী বছর ৩টি জাহাজ নির্মাণ করার লক্ষ্যমাত্রা ঠিক করছে।

ক. অফিস বিন্যাস কী? ১

খ. প্রক্রিয়া বিন্যাস বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লেখিত আছাদ ব্রাদার্স কোন ধরনের বিন্যাস অনুসরণ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো উদ্দীপকের প্রতিষ্ঠানটির পক্ষে প্রক্রিয়া বিন্যাস অনুসরণ করা সম্ভব? যুক্তিসহ লিখ। ৪

Teachingbd.com

**বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (বহুনির্বাচনি)**

বিষয় কোড : | 2 | 8 | 6 |

সময় : ৪০ মিনিট — পূর্ণমান-৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. উৎপাদনের উপাদান কয়টি?
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

২. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী?
ক) উৎপাদন খ) বন্টন
গ) মুনাফা অর্জন ঘ) প্রমিতকরণ

৩. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায় কী?
ক) উৎপাদন বৃদ্ধি খ) উৎপাদন হ্রাস
গ) উৎপাদন স্বাভাবিক রাখা
ঘ) উৎপাদন নিয়ন্ত্রণ

৪. অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত হচ্ছে—
i. উৎপাদন বিনিয়োগ
ii. আয়, সঞ্চয়, ভোগ
iii. কর্মসংস্থান, বৈদেশিক মুদ্রা অর্জন
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

৫. সম্পদের সঠিক ব্যবহার নির্ভরশীল—
ক) উৎপাদন ক্ষমতার ওপর
খ) উৎপাদন ব্যবস্থাপনার ওপর
গ) উৎপাদন ধারনার ওপর
ঘ) উৎপাদন মাত্রার ওপর

৬. উৎপাদন প্রক্রিয়ায় শ্রম ও মূলধনের সাথে কী নিয়োগ করা হয়?
ক) প্রকৃতি প্রদত্ত বস্তু খ) শ্রমের মালিকানা
গ) মূলধনের সুদ ঘ) উত্তোলনের সুদ

৭. উৎপাদনশীলতা সংগঠনের উপকরণ ব্যবহারের পরিমাণ কী করে?
ক) অপরিবর্তিত রাখতে সাহায্য করে
খ) পরিবর্তিত রাখতে সাহায্য করে
গ) রক্ষণাবেক্ষণ করে ঘ) হ্রাস করে

৮. উৎপাদনের আদি ও মৌলিক উপাদান হিসেবে কার নিজস্ব বৈশিষ্ট্য রয়েছে?
ক) ভূমির খ) মূলধনের
গ) শ্রমের ঘ) সংগঠনের

৯. যা কিছু উৎপাদনে সাহায্যে করে তাকে কী বলে?
ক) উৎপাদন আয় খ) উৎপাদন ব্যয়
গ) মুখ্য আয় ঘ) উৎপাদন উপকরণ

১০. চলতি মূলধন কোনটি?
ক) কাঁচামাল খ) ভূমি
গ) মজুদ মাল ঘ) দালান কোঠা

১১. মাত্রাজনিত ব্যয়-সংকোচনকে কয় ভাগে ভাগ করা যায়?
ক) ২ ভাগে খ) ৩ ভাগে
গ) ৪ ভাগে ঘ) ৫ ভাগে

১২. পণ্যের রূপ পরিবর্তনের জন্য কী প্রয়োজন?
ক) ক্রয় খ) বিক্রয়
গ) বাজারজাতকরণ ঘ) উৎপাদন

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :
"ফাতেমা জুট মিলসে" মোট উৎপাদিত পণ্যের পরিমাণ ১,০০০ বস্তা, পণ্য উৎপাদন করতে ২,০০,০০০ টাকা শ্রম ব্যয়, ৫০,০০০ টাকা যন্ত্রপাতি ও অন্যান্য ব্যয় ৪০,০০০ টাকা। বর্তমান আনুমানিক বাজার মূল্য ১২,০০,০০০ টাকা।

১৩. "ফাতেমা জুট মিলসের" মোট উৎপাদনশীলতা—
ক) ৩% খ) ৪%
গ) ৫% ঘ) ৬%

১৪. বৃহদায়তন উৎপাদনের ফলে প্রতিষ্ঠান যেসব সুবিধা ভোগ করে তাদেরকে কী বলে?
ক) ব্যয় সংকোচন খ) ব্যয় প্রসারণ
গ) ব্যয় নির্ণয় ঘ) ব্যয় নির্দিষ্টকরণ

১৫. মোট জাতীয় উৎপাদন কী নির্দেশ করে?
ক) জনগণের মাথাপিছু ব্যয়
খ) জনগণের মাথাপিছু বিনিয়োগ
গ) জনগণের মাথাপিছু আয়
ঘ) জনগণের মাথাপিছু সঞ্চয়

১৬. GNP এর সাথে কোনো দেশের নির্দিষ্ট আর্থিক বছরে আমদানি রপ্তানির পরিমাণ যোগ করে কী নির্ণয় করা হয়?
ক) প্রকৃত জাতীয় আয় খ) নিট জাতীয় উৎপাদন
গ) মোট দেশজ উৎপাদন ঘ) প্রকৃত জাতীয় ব্যয়

১৭. সেবা কিরূপ দ্রব্য?
ক) সমষ্টিযোগ্য খ) বিনাশযোগ্য
গ) সংরক্ষণযোগ্য ঘ) সংগঠনযোগ্য

১৮. একই ব্যক্তি কর্তৃক সেবা—
ক) একই হতে হবে খ) ভিন্ন ভিন্ন হতে পারে
গ) মানসম্মত হয় না ঘ) মূল্যায়ন নাও হতে পারে

১৯. শিল্পের মূল্য উপকরণ হলো—
i. খাদ্যশস্য ও তুলা ii. আখ, চামড়া ও তামাক
iii. খনিজ পদার্থ ও ঔষধি বৃক্ষ
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :
মনে কর, তোমার নিজস্ব কিছু সম্পদ রয়েছে। যেমন: একটি পুকুর, মাছের খাবারের প্রয়োজনীয় টাকা, মাছ চাষে দক্ষ ও প্রশিক্ষিত শ্রমিক। তাছাড়া তোমার নিকট মাছের পোনাও মজুত আছে।

২০. উদ্ধৃতাংশের আলোকে কোনটি প্রয়োগ করে তুমি উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করবে?
ক) ভূমি খ) শ্রম
গ) মূলধন ঘ) সংগঠন

২১. তুমি মৎস্য খামারে প্রয়োজনীয় উপকরণগুলোকে ক্রিয়াশীল ও উৎপাদনক্ষম করবে কোনটির মাধ্যমে?
ক) উপকরণের মাধ্যমে খ) মূলধনের মাধ্যমে
গ) সংগঠনের মাধ্যমে ঘ) শ্রমের মাধ্যমে

Teachingbd.com

২২. পণ্য উৎপাদনের সুবিধা অনুযায়ী ডিজাইন হলে—
ⓚ উৎপাদন কঠিন হয় ⓚ উৎপাদন সম্ভব হয় না
ⓖ উৎপাদন সহজ হয়
ⓖ পণ্য সরবরাহ করা যায় না

২৩. প্যাকেটের বহিরাবরণ সৌন্দর্য প্রকাশ কোন ডিজাইনের মাধ্যমে করা হয়?
ⓚ উৎপাদন ডিজাইন ⓚ রুচিসম্মত ডিজাইন
ⓖ প্যাকিং ডিজাইন ⓖ ক্রিয়াগত ডিজাইন

২৪. আমেরিকান কোম্পানিগুলো মান ব্যবস্থাপনার ওপর গুরুত্ব দেয় কত সালে?
ⓚ ১৯৮০ এর পর
ⓚ ১৯৮০ এর গোড়ার দিকে
ⓖ ১৯৮১ এর পর
ⓖ ১৯৮১ এর গোড়ার দিকে

২৫. মান ব্যবস্থাপনা উপাদান কয়টি?
ⓚ ২টি ⓚ ৩টি ⓖ ৪টি ⓖ ৫টি

২৬. একটি দেশের এক বছরে মোট দেশজ উৎপাদন পাওয়া যায়—
i. মোট ভোগ ব্যয় ও বিনিয়োগ ব্যয় যোগ করে
ii. মোট সরকারি ব্যয় যোগ করে
iii. নিট রপ্তানি যোগ করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম জুট মিলে কাঁচা পাটের দাম নির্ধারণ করা হয়েছে ১৫,০০,০০০ টাকা। পাট বস্তা করার খরচ ৫০,০০০ টাকা হওয়ার বস্তা খরচ নির্ধারিত করা হলে ১৫,৫০,০০০ টাকা।

২৭. "রহিম জুট" মিলের দাম গণণায় যে সমস্যা পরিলক্ষিত হয়—
ⓚ পরিসংখ্যান তথ্যের অভাব
ⓚ কম গণনাজনিত সমস্যা
ⓖ দ্বৈত গণনার সমস্যা
ⓖ দাম স্তরের পরিবর্তনজনিত সমস্যা

২৮. "রহিমা জুট" মিলের বস্তা বা কার্পেটের দাম ধরা উচিত ছিল—
ⓚ ৫০০০ টাকা ⓚ ১৪,৫০, ০০০ টাকা
ⓖ ৩০০, ০০০ টাকা ⓖ ১৫,০০, ০০০ টাকা

২৯. উৎপাদন ক্ষমতা উৎপাদনের একটি—
ⓚ সর্বোচ্চ ক্ষমতা ⓚ সর্বোচ্চ হার
ⓖ মুনাফা ক্ষমতা ⓖ সর্বোচ্চ ধারণা

৩০. যখন কোন উৎপাদন ক্ষমতা কেবল যন্ত্রের উৎপাদন ক্ষমতা বিবেচনা করে নির্ধারিত হয় তখন তাকে বলে—
ⓚ সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা
ⓚ প্রকৌশলগত উৎপাদন ক্ষমতা
ⓖ প্রকৃত উৎপাদন ক্ষমতা
ⓖ কার্যগত উৎপাদন ক্ষমতা

৩১. চূড়ান্ত লে-আউটের পূর্বে কোনটি করা যেতে পারে?
ⓚ সুন্দর লে-আউট ⓚ চূড়ান্ত লে-আউট
ⓖ খসড়া লে-আউট ⓖ ভালো লে-আউট

৩২. মাথাপিছু আয় নির্দেশ করে একটি দেশের—
ⓚ অর্থনৈতিক উন্নয়ন ⓚ অর্থনৈতিক প্রবৃদ্ধি
ⓖ জীবনযাপনের মান ⓖ নিচের কোনটি সঠিক?

৩৩. লে-আউটের ক্ষেত্রে কোনটি বিবেচনা করতে হয়?
ⓚ ব্যবসায়ের মুনাফা ⓚ ব্যবসায়ের মূলধন
ⓖ ব্যবসায়ের শ্রমিক ⓖ ব্যবসায়ের প্রকৃতি

৩৪. ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ উৎপাদিত অনেক পণ্য রপ্তানি করা যায়—
ⓚ বৈদেশিক বিনিময়ের মাধ্যমে
ⓚ ক্রয় ক্ষমতার সমতা বাজার রেখে
ⓖ ব্যাংকের অঙ্গাপত্রের মাধ্যমে
ⓖ অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে

৩৫. কোনো প্রতিষ্ঠান দীর্ঘমেয়াদি উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করতে পারে কিভাবে?
ⓚ নতুন আইন প্রয়োগ করে
ⓚ নতুন প্রযুক্তি ব্যবহার করে
ⓖ অতিরিক্ত মূলধন খাটিয়ে
ⓖ অধিক পরিশ্রম করে

৩৬. একটি দেশের ব্যবসা-বাণিজ্য সম্পর্কে ধারণা পাওয়া যায় কিভাবে?
ⓚ জাতীয় আয় পরিমাপ করে
ⓚ জাতীয় উৎপাদন পরিমাপ করে
ⓖ মাথাপিছু আয় পরিমাপ করে
ⓖ দেশজ উৎপাদন পরিমাপ করে

৩৭. প্যাকিং ডিজাইনের অন্যতম কারণ হলো—
ⓚ প্যাকিং সুবিধা ⓚ বিক্রয় সুবিধা
ⓖ মুনাফা সুবিধা ⓖ ক্রয় সুবিধা

৩৮. ভোক্তাদের কাছে পণ্যের গ্রহণযোগ্যতা বৃদ্ধির জন্য কোন কাজটি করা হয়?
ⓚ পণ্যের উৎপাদন
ⓚ পণ্যের কাঁচামাল ক্রয়
ⓖ পণ্যের ডিজাইন
ⓖ শ্রমিক-কর্মী নিয়োগ

৩৯. খাদ্য-শস্য ছাড়াও মানুষ ভূমি ব্যবহার করে উৎপাদন করে—
i. তুলা ও পাট
ii. চা ও কফি
iii. গবাদি পশু
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i, ii ও iii
ⓖ ii ও iii ⓖ i ও iii

৪০. "Principle of Scientific Management" গ্রন্থটি কত সালে রচিত হয়?
ⓚ ১৭৭৬ সালে ⓚ ১৮৩২ সালে
ⓖ ১৯১১ সালে ⓖ ১৯৫০ সালে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ঘ |
| | ২১ | গ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | ক |

Teachingbd.com